


টিভিতে আজান পরবর্তী দোয়ার বাংলা কণ্ঠেও বেঁচে থাকবেন মোস্তফা কামাল সৈয়দ

বিনোদন ডেক্স

প্রকাশিত: ০১ জুন ২০২০ সোমবার, ০১:৩৪ পিএম

259

SHARES



করোনাভাইরসের মৃত্যুর মিছিলে যোগ দিলেন মোস্তফা কামাল সৈয়দ, বিটিভির স্বর্ণযুগের কুশীলব! বাংলাদেশের মিডিয়া সিনে জনাব মোস্তফা কামাল সৈয়দ এর মতো ফেয়ার, অবজেকটিভ আর অনেস্ট মানুষের দেখা খুব কম মেলে।

ওনার ছেলে মেয়ের তীব্র আপত্তি উপেক্ষা করে উনি অফিস এ গিয়েছেন অসুস্থ হবার আগের দিন পর্যন্ত। নিজের দায়িত্ব কর্তব্য নিয়ে উনি খুব সচেতন ছিলেন।

প্রায় একহাতে গড়ে তুলেছেন টিভি চ্যানেল এনটিভি। রাজনৈতিক পটপরিবর্তনের পর বাংলাদেশের সবগুলা টিভি চ্যানেল তাকে চেয়েছে নেতৃত্বের জন্য-উনি প্রফেশনালিজম এর প্রতি চূড়ান্ত লয়ালিটি দেখিয়ে রয়ে গিয়েছেন নিজের প্রতিষ্ঠিত টিভি চ্যানেলে।

বাংলাদেশের টিভির সবচেয়ে সেরা গানের অনুষ্ঠান গুলো জনাব মোস্তফা কামাল সৈয়দের আনপ্যারালাল ক্রিয়েটিভিটির স্বারক হয়ে থাকবে।

অসাধারণ এক কণ্ঠের অধিকারী ছিলেন জনাব সৈয়দ। এতো দরাজ গলা খুব কম দেখা যায়, বিটিভি, চ্যানেল আই সহ দেশের প্রায় সবকটি টিভি চ্যানেল এ অসংখ্য ভয়েস ওভারে জনাব সৈয়দ এর কর্তৃ শোনা যায় এখনো।

বিটিভি চ্যানেল আই এনটিভিসহ আজান পরবর্তী দোয়ার বাংলা কণ্ঠগুলো জনাব সৈয়দ এর দেয়া! আর বাকি কাজ গুলোর কথা বাদ দিলেও অন্তত তার এই দৈনিক দরাজ গলার প্রার্থনা গুলো দিনে লক্ষ লক্ষ মানুষকে মানসিক শান্তি দিয়েছে। এই জন্যে হলেও তাঁর বিদেহী আত্মা লক্ষ মানুষের প্রার্থনা পাবে বছরের পর বছর ধরে।